

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
(আইসিটি শাখা)  
www.sylhet.gov.bd

মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিও  
কনফারেন্স অগ্রাধিকার

স্মারক নং-০৫.৪৬.৯১০০.০২৪.৩৬.০০১.১৮. ২০০


তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৫  
০২ আগস্ট ২০১৮

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণভবন হতে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম ভিডিও কনফারেন্স এর মাধ্যমে উদ্বোধন উপলক্ষ্যে ভিডিও কনফারেন্স চলাকালীন নিরবচ্ছিন্ন দ্রুত গতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণ এবং উপযুক্ত প্রতিনিধি প্রেরণ।

সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা এর স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০৯.২০১৫-৩৭০, তারিখ: ০২/০৮/২০১৮ খ্রি.  
২। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের গত ০১.০৮.২০১৮ খ্রি. তারিখের স্মারক নং ২৭.০০.০০০০.০৪১.৩১.০১৪.১৭.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ আগস্ট ২০১৮ তারিখ রবিবার সকাল ১১:৩০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণভবন হতে দক্ষিণ সুরমা উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষ হতে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। উক্ত ভিডিও কনফারেন্স সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নির্ধারিত তারিখ হতে ভিডিও কনফারেন্স শেষ না হওয়া পর্যন্ত নিরবচ্ছিন্ন দ্রুত গতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণসহ কারিগরি সহায়তা প্রদানের নিমিত্ত উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
সহকারী কমিশনার

আইসিটি শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
ফোন: ৭১৬০৪১

ই-মেইল: acicitsylhet@gmail.com

- ১। বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, সিলেট।
- ২। ম্যানেজার, সামিট কমিউনিকেশন্স লিমিটেড, উপশহর, সিলেট।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

১. বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য।)
২. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট
৩. সিনিয়র জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, সিলেট
৪. গোপনীয় সহকারী, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)